



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

গাজীপুর-১৭০৫ | ফোন : ৯২৯১১১২



“শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ”

ইনোভেশন টিমের ৫ম সভার কার্যবিবরণী

তারিখ : ২৭/০৭/২০২১; বার : মঙ্গল ; সময় : রাত ৮:০০টা

২৭/০৭/২০২১, মঙ্গলবার, রাত ৮:০০টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন টিম এর সভাপতি প্রোগ্রামার মোস্তফা আজাদ কামাল, মাননীয় ট্রেজারার ও ডিন, এসওবি বাউবি এর সভাপতিত্বে ৫ম সভা (ভার্চুয়াল) [ZOOM] মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নলিখিত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ

- ১। ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি।
- ২। প্রফেসর ডা. সরকার মোঃ নোমান, অধ্যাপক ও ডিন, এসএসটি, বাউবি।
- ৩। প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, বাউবি
- ৪। জনাব আবুল কাসেম শিখদার, পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি
- ৫। জনাব মোঃ মাসুম বিল্লাহ, পরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি।
- ৬। নাজনীন আক্তার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল), প্রশাসন বিভাগ, বাউবি।
- ৭। নার্গিস আখতার, যুগ্ম-পরিচালক (মনিটরিং), অর্থ ও হিসাব বিভাগ, বাউবি।

সভাপতি মহোদয় সভার শুরুতে সকল সদস্যদেরকে আন্তরিক শুভেচ্ছা জানান এবং সদস্য সচিবকে সভায় সভাপতিত্ব শুরুর জন্য অনুরোধ জানান। সভাপতি মহোদয়কে ধন্যবাদ জানিয়ে সদস্য সচিব সভায় উপস্থাপিত আলোচনাগুলি নিয়ে আলোচনা শুরু করেন। আলোচনান্তে সভা নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে ঐকমত্য পোষণ করে।

আলোচ্য - ০১ : ২০/০৬/২০২১ এবং ০১/০৭/২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৪র্থ সভার কার্যবিবরণী অনুসমর্থন প্রসঙ্গে।

সিদ্ধান্ত - ০১ : ২০/০৬/২০২১ এবং ০১/০৭/২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৪র্থ সভার কার্যবিবরণী সর্বসম্মতক্রমে অনুসমর্থিত হয়।


আলোচ্য -০২ : System Design- কাজের অগ্রগতি পর্যালোচনা এবং পরবর্তী কর্মপরিকল্পনা উপস্থাপনা আলোচনা।


সিদ্ধান্ত - ০২ : অধ্যকার সভা অনুষ্ঠিত হওয়ার পূর্বে APA কমিটির ফোকাল পয়েন্ট এবং পরবর্তী কর্মিটির সদস্য এম এস নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল) এর সাথে সদস্য গণের পর আলোচনা হয়। উপস্থিত

আলোচনায় তিনি জানান, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ -এ যে সকল উদ্ভাবন কর্মপরিকল্পনা উল্লেখ করে প্রতিবেদন মন্ত্রণালয়ে উপস্থাপন করা হয়েছে সে সকল বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার প্রতিবেদন আগামী ৩০/০৮/২০২১ইং তারিখে প্রেরণ করা প্রয়োজন। বিষয়টি বিবেচনায় নিয়ে অধ্যকার সভার সকল সদস্য System Design- কাজের অগ্রগতি পর্যালোচনা এবং পরবর্তী কর্মপরিকল্পনা সম্পর্কে আলোচনার পরিবর্তে উপরোল্লিখিত বিষয় নিয়ে আলোচনা করার জন্য একমত হন। এ পরিপ্রেক্ষিতে কমিটির সদস্য সচিব কর্তৃক APA কমিটির ফোকাল পয়েন্ট এম এস নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল)কে সভার সকল সদস্যদের সম্মুখে বিস্তারিতভাবে বিষয়টি উপস্থাপন করার অনুরোধ জানানো হলে তিনি তথ্যসহ বিস্তারিতভাবে বিষয়টি উপস্থাপন করেন এবং সেই সাথে তিনি আরো জানান যে, আগামী ৩০/০৮/২০২১ইং তারিখে যদি বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার প্রতিবেদন প্রেরণ করা যায় তবে বাউবি অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভা নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে একমতত পোষণ করে:

- ক) অতিদ্রুত উদ্ভাবন কর্মপরিকল্পনার Template তৈরি করে প্রত্যেক স্কুল, বিভাগ, আঞ্চলিক কেন্দ্রে প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
- খ) প্রতিবেদন তৈরির লক্ষ্যে আগামী ১৭/০৮/২০২১ইং তারিখ, মঙ্গলবার, রাত ৮:০০টায় সকল ডীন, বিভাগীয় প্রধান এবং আঞ্চলিক পরিচালকদের নিয়ে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।


সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


৩০/০৮/২০২১
নার্গিস আখতার
সদস্য-সচিব, ইনোভেশন টিম
ও
যুগ্ম-পরিচালক, অর্থ ও হিসাব
বিভাগ, বাউবি।


৩০-৭-২০২১
নার্জনীন আখতার
সদস্য, ইনোভেশন টিম
ও
যুগ্ম পরিচালক (কাউন্সিল)
প্রশাসন বিভাগ, বাউবি


মোঃ মাসুম বিল্লাহ
সদস্য, ইনোভেশন টিম
ও
পরিচালক (দায়িত্বপ্রাপ্ত),
কম্পিউটার বিভাগ, বাউবি

জনাব আবুল কাসেম শিখদার
সদস্য, ইনোভেশন টিম
ও
পরিচালক
তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি


প্রফেসর ড. মোঃ শাহ আলম
সরকার
সদস্য, ইনোভেশন টিম
ও
অধ্যাপক, সার্ভ, বাউবি।

প্রফেসর ডা. সরকার মোঃ নোমান
সদস্য, ইনোভেশন টিম
ও
অধ্যাপক ও ডিন এসএসটি,
বাউবি।

ড. মহাঃ শফিকুল আলম
সদস্য, ইনোভেশন টিম
ও
রেজিস্ট্রার
বাউবি।


প্রফেসর মোস্তফা আজাদ কামাল
সভাপতি, ইনোভেশন টিম
ও
মাননীয় ট্রেজারার ও ডিন, এসওবি
বাউবি